# পঞ্চম উপজেলা পরিষদের ৫২ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা হাসপাতালের একটি অ্যাম্বুলেন্স দীর্ঘদিন থেকে ইঞ্জিন অকেজো হয়ে আছে এবং ইঞ্জিন মেরামত ও গাড়ীর চাকা পরিবর্তন, অন্যান্য আনুষাংগিক কাজ করণ বাবদ প্রায় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রয়োজন। জরুরী ভিত্তিতে গাড়ী মেরামত করার জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর স্বাস্থ্য খাত হইতে বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।<br>উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, ডেঙ্গু মশার প্রার্দুভাব বেড়ে যাওয়ায় পৌরসভা ও ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ জায়গার জঙ্গল পরিচ্ছন্ন করা এবং ডেঙ্গু মশা নির্মূল করার জন্য মশার ঔষধ ব্যবহার করা প্রয়োজন। | ডেঙ্গু মশার প্রার্দুভাব বেড়ে যাওয়ায় পৌরসভা ও ইউনিয়নের অর্ন্তগত সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, জনগুরুত্বপূর্ণ জায়গায় মশা নির্মূল করার লক্ষ্যে মশার ঔষধ ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেয়র পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি সভায় জানান, গত ২৬ সেপ্টেম্বর কানাইঘাট থানা কর্তৃক নদী পথে পরিবাহিত ৩৯ বস্তা ভারতীয় চিনি জব্দ পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি চোরাচালান বিরোধী অভিযান চলমান আছে এবং তা আরোও জোরদার করা হবে বলে সভাকে আবহিত করেন। | অত্র উপজেলার সকল বাজারগুলোতে অপরাধকর্মকান্ড বন্ধ করার জন্য রাত ১০.০০ টার পর থেকে ফার্মেসী ব্যাতিত সকল ধরণের দোকানপাট বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান,০৬ নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র উপজেলার সকল বাজারগুলোতে রাত বাড়ার সাথে সাথে বিভিন্ন বয়সের মানুষজন অপরাধকর্মকান্ডে জড়িয়ে পড়ে থাকে। রাত ১০.০০ টার পর থেকে ফার্মেসী ব্যাতিত সকল ধরণের দোকানপাট বন্ধ করার জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যাক্ত,জরাজীর্ণ ও পুরাতন ভবন থাকায় যেকোন সময় ভবন ভেঙ্গে দূর্ঘটনা ঘটতে পারে। জরুরী ভিত্তিতে উক্ত ভবনগুলো নিলামের মাধ্যমে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>নিম্নে বিদ্যালয়গুলোর নাম উল্লেখ করা হলো :-<br>০১) বীরদল সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০২) কুওরেরমাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৩) চটিগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৪) সুরুফৌদ সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৫) হারাতৈল উপর বড়াই সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৬) নয়াফৌদ সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৭) ভাটিবারাপৈত সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৮) দাবাধরনীর মাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৯) সর্দারের মাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>তিনি আরোও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ নিচু থাকার কারণে অতি অল্প বৃষ্টির পানিতে ভরে যায় এবং জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকে। উক্ত বিদ্যালয়ের মাঠগুলো ভরাট করার জন্য সভায় অনুরোধ জানান।<br>নিম্নে বিদ্যালয়গুলোর নাম উল্লেখ করা হলো :-<br>০১) ডালাইচর সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০২) দিঘিরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৩) টিলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৪) উজান বারাপৈত সরকারি প্রাথমিক বিদ্যালয় | ক) অত্র উপজেলায় উল্লেখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যাক্ত,জরাজীর্ণ ও পুরাতন ভবনগুলো নিলামের মাধ্যমে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) অত্র উপজেলায় উল্লেখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিচু মাঠগুলো ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বাংলাদেশ সরকার অর্থায়নে স্থানীয় সরকার | ক) উপস্থাপিত ০৩(তিন)টি অবকাঠামো মূলক উন্নয়ন উপ- | উপজেলা পরিষদ/উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকৌশল বিভাগ | বিভাগের অধীনে উপজেলাা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায় কানাইঘাট উপজেলায় ভ্যাট-ট্যাক্স ব্যতীত ৪০,০০০,০০/- টাকার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তবনা চাওয়া হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন স্থায়ী কমিটি, ইউডিসিসি ইত্যাদি হতে ৫(পাঁচ)টি অবকাঠামো উন্নয়ন উপ -প্রকল্প উপজেলা প্রকল্প নির্বাচন কমিটিতে(পিএসসি) প্রেরণ করেন। পিএসসি কর্তৃক প্রকল্পগুলো যাচাই-বাছাই করে ০৩(তিন)টি অবকাঠামো উপ-প্রকল্পগুলো উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন করা প্রয়োজন। অবকাঠামো উপ-প্রকল্প গুলোর মধ্যে কানাইঘাট হাসপাতালে সার্জিকেল যন্ত্রপাতি বায় কেমিক্যাল এ্যানালাইজার এবং ওটি টেবিল সরবরাহ বাবদ = ১০,০৮,৫৫৯.০০ (দশ লক্ষ আট হাজার পাঁচশত উনষাট) টাকা, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু প্লাষ্টিক বেঞ্চ সরবরাহ বাবদ = ১৯,১১,২৮০.০০ (উনিশ লক্ষ এগার হাজার দুইশত আশি) টাকা, কানাইঘাট উপজেলাধীন বিভিন্ন গ্রামীন সড়কে সোলার বাতি স্থাপন বাবদ= ১০,৮০,১৬১(দশ লক্ষ আশি হাজার একশত একষট্টি) টাকার প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বনলতা কোয়ার্টার মেরামত করণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনটি আনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তার বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান,উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাসভবন (বারতা রেষ্টহাউজ) মেরামত করণ বাবদ ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব করেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়।<br><br>চেয়ারম্যান,০১নং ইউ/পি জানান, গত কয়েকদিন পূর্বে হঠাৎ ভুমিকম্পের ফলে | প্রকল্পগুলো অনুমোদন করা হলো এবং উপজেলা প্রকৌশলী এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের বনলতা কোয়ার্টার মেরামত করণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকার প্রাক্কলন অনুমোদন করা হলো এবং উপজেলা প্রকৌশলী এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তার বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>গ) লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়ন পরিষদের ভবন ভুমিকম্পের ফলে ক্ষয়ক্ষতি হওয়ায় জরুরী ভিত্তিতে ভবনটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হলো।<br>ঘ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাসবভন (বারতা রেষ্টহাউজ) মেরামত করণ বাবদ ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী; প্রকল্প কর্মকর্তা (ইউডিএফ) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়ন পরিষদ ভবন কিছু কিছু জায়গায় ফাটল দিলে প্লাস্টার ধসে পড়েছে। জরুরী ভিত্তিতে ভবনটি মেরামত করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন রবি মৌসুম সামনে রেখে অত্র উপজেলায় ০৮ (আট)টি রবি ফসলের জন্য ২৪৩৫ জন কৃষকের মাঝে প্রণোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে বীজ ও সার বিতরণ কর্মসূচী হিসেবে কৃষক অগ্রাধিকার তালিকার কাজ চলমান রয়েছে। এছাড়া অত্র উপজেলায় তৈল ফসল আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মাঝে সরিষার বীজ বিনামূল্যে বিতরণের লক্ষ্যে উপজেলার উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর কৃষি খাত হইতে সরিষা বীজ বিতরণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন জেলে নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | প্রকৃত জেলে নিবন্ধনের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ হতে ০৯ অক্টোবর পর্যন্ত প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল কানাইঘাট হতে বিনামূল্যে ছাগল,ভেড়া কে পিপিআর টীকা প্রদান করা হবে। বাংলাদেশ হতে পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর এই উদ্যোগ গ্রহণ করা বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বয়স্ক ভাতা, বিধাবা ও স্বামী নিগৃহীতা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা কার্যক্রমের অধীনে বয়স্ক ভাতা ১৪৮৮টি, বিধাবা ও স্বামী নিগৃহীতা ভাতা ২৩৫৪ টি এবং প্রতিবন্ধী ভাতা ১০১৯ টি আবেদন পড়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাইক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। চলতি অর্থ বছরে বিভিন্ন ভাতার মাসিক পরিমাণ বৃদ্ধি পেয়েছে। বয়স্ক ভাতা মাসিক ৬০০/-,বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা মাসিক ৫৫০/- এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা মাসিক ৮৫০/- করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর( | ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর,কাবিটা ও কাবিখা(চাল) | উপজেলা প্রকল্প/ সংশ্লিষ্ট ইউনিয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | উন্নয়ন)উপজেলা ওয়ারী ৫৫,৭০,৫৭৯.০১ টাকার ৫৫(পঞ্চান্ন)টি প্রকল্প,টিআর(উন্নয়ন) পৌরসভা ওয়ারী ৭,০৬,৬৫৬.১৩ টাকার ০৩(তিন)টি প্রকল্প,কাবিটা (উন্নয়ন) উপজেলা ওয়ারী ( টাকা) ৭৬,৩৬,৩৬৮/-(ছিয়াত্তর লক্ষ ছয়ত্রিশ হাজার তিনশত আটষট্টি)টাকার ২৮(আটাশ)টি প্রকল্প,কাবিখা(উন্নয়ন)চাল ৩৬.৮৪২ মে.টনের ১০(দশ)টি প্রকল্প এবং কাবিখা (উন্নয়ন) গম উপজেলাওয়ারী ৩৬.৮৪২ মে.টনের ১২(বার)টি প্রকল্প জেলায় অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অনুমোদন পাওয়া গেলে দ্রুত বাস্তবায়ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানানো হলো। | পরিষদ চেয়ারম্যানগণ বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অত্র উপজেলা ০৯(নয়)টি ইউনিয়নে ১২০ (একশত বিশ) জন উপকারভোগীর বরাদ্দ পাওয়া গিয়াছে । কিন্তু বিভাজনের মাধ্যমে প্রতিটি ইউনিয়নে ১৩ জন করে বরাদ্দ পাবে এবং অতিরিক্ত ০৩(তিন) জন কে যেকোন ০৩(তিন)টি ইউনিয়নে এক জন করে বরাদ্দ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, আলোচ্যমাসে অত্র উপজেলা হতে ২২ (বাইশ) জন সদস্য/সদস্যাকে অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণে জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রান্তিক পর্যায়ে উন্নয়নের লক্ষ্যে নারীদের জীবনমান উন্নয়নের জন্য ০১(এক) জন মহিলাকে সেলাই প্রশিক্ষণে ঢাকা গাজীপুরে পাঠানো হয়েছে এবং আসন্ন দূর্গাপুজা উপলক্ষে আনসারদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আত্বকর্মসংস্থান কর্মসুচীর আওতায় ০৫(পাঁচ) জন যুব ঋণ গ্রহীতাকে ৪০,০০০/-(চল্লিশ হাজার)টাকা করে মোট ২,০০,০০ (দুই লক্ষ) টাকার ঋণ বিতরণ করা হয়েছে।<br>পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসুচীর আওতায় (গ্রুপ ভিত্তিক ঋণ) ৪০(চল্লিশ) জন সদস্যকে ১৬,০০০/-(ষোল হাজার)টাকা করে মোট ৬,৪০, ০০০/-(ছয় লক্ষ চল্লিশ হাজার)টাকার ঋণ বিতরণ করা হয়েছে।<br>প্রশিক্ষণ- অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের আওতায় পৌরসভার মধ্যে সবজি চাষ বিষয়ক ৩০ (ত্রিশ) জন এবং গরু মোটাতাজাকরণ বিষয়ক ৩০(ত্রিশ) জন খামারী ও সবজিচাষীসহ মোট ৬০(ষাট) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলে সভকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি।<br>চেয়ারম্যান,০২ নং ইউ/পি সভায় জানান যে, ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের অর্ন্তগত বড়বন্দ বাজারে বিগত দিনে হঠাৎ ভুমিকম্প হওয়ার কারনে ০১(এক)টি বড় রেন্টিগাছ কয়েকটি দোকানের উপর হেলে পড়ে যায়। উক্ত গাছটি যেকোন সময় পড়ে গিয়ে বড় ধরণের দূর্ঘটনা ও ক্ষয়ক্ষতি হতে পারে। জরুরী ভিত্তিতে গাছটি কর্তন করা প্রয়োজনন।<br>চেয়ারম্যান, ০৩ নং ইউ/পি জানান, দিঘিরপাড় পূর্ব ইউনিয়নের অর্ন্তগত ধনমাইরমাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভিতরে ওয়াসব্লক নির্মাণ করার নিধারিত জায়গায় ০১(এক)টি রেন্টি গাছ থাকার কারণে ওয়াসব্লকটি নির্মাণ করা যাচ্ছে না। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে জরুরী ভিত্তিতে উক্ত গাছটি কর্তন ও অপসারণ করা প্রয়োজন। | উপজেলা বিট কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ১০ (দশ)টি প্রকল্পের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা দেওয়া হচ্ছে। ০৩(তিন)টি প্রকল্পের মাধ্যমে ৩৫(পঁয়ত্রিশ)টি প্রাথমিক | ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ডিপটিওবয়েলের তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিদ্যালয়ে ওয়াসব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের কাজ প্রায় শেষ পর্যায়ে এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজের কার্যাদেশ পাওয়া গিয়াছে। দ্রুত তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানান। | জানানো হলো। | |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক সভায় জানান, বোরো-২৩ মৌসুমের সংগ্রহ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ৪৩৮ মে.টন ধান ও ১৩৭৯ মে.টন চাল সংগ্রহ করা হয়েছে। সেপ্টেম্বর ২০২৩ ও অক্টোবর ২০২৩ মাসের খাদ্যবান্ধব কর্মসূচীর চাল বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৪ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৭১ টি এবং ৯৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | | |
| ২৬ | বিবিধ | ১. সর্বজনীন পেনশন স্কিম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সর্বজনীন পেনশন স্কিমের বিষয়টি বহুল প্রচারের জন্য সকলকে অনুরোধ করা হয়। এছাড়া এবিষয়ে পরামর্শ ও সহযোগিতা প্রদানের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা-কে নিয়োগের জন্য সভায় সর্বসিদ্ধান্তক্রমে গৃহীত হয়।<br>২. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় (ঙ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের কার্যালয় ও ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানগণদের কার্যালয়ে আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকা ব্যয়; (চ) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকা ব্যয়; (ছ) উপজেলা পরিষদ কার্যালয়ে আইপিএস ক্রয় বাবদ ব্যয়; (জ) উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তার বাসভবনের আইপিএস মেরামত ব্যয়; (ঝ) উপজেলা অডিটরিয়ামের ইলেকট্রিক কাজ ও উপজেলা পরিষদের নিচ তলার ইলেকট্রিক কাজকরণ বাবদ ব্যয়; (ঞ) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী আফিসারের কার্যালয়ের ফটোকপি মেশিন মেরামত বাবদ ব্যয়; উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১। সর্বজনীন পেনশন স্কিম বিষয়ে বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

CamScanner

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.২৯৮(৩৫) তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব --------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

২৭/৯/২০২৩

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ফারজানা নাসরীন | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আব্দুর মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিন বানীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব বিদ্যুৎ চন্দ্র সরকার | প্রতিনিধি উপজেলা মৎস্য কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব ডা: নবনীতা সরকার তন্নী | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব উজায়ের আল মাহমুদ আদনান | প্রতিনিধি,অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | মো: কামাল উদ্দিন | প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো: কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব কমলা আক্তার | প্রতিনিধি উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: আলাউদ্দিন | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: জামান উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মামুন রশীদ | প্রতিনিধি উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট | |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CS CamScanner